শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৪২.০৩২.০২.০০.১৪৯.২০১৩-৯৫

তারিখ: ১৩ মাঘ ১৪২৭
২৭ জানুয়ারি ২০২১

বিষয়: জেলা পরিষদে কর্মরত হিসাব রক্ষকগণের বেতনস্কেল সংশোধন সংক্রান্ত।

সূত্র: অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৬২.৪৬.০৫০.১২-১৮৯; তারিখ: ২২/১২/২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে জেলা পরিষদের হিসাব রক্ষণকগণের বর্তমান বেতন ১১,০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) সংশোধন করত: ১২,৫০০-৩০,২৩০/-(১১তম গ্রেড) টাকায় পুন:নির্ধারনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা পরিষদ হিসাব রক্ষক কল্যাণ পরিষদ কর্তৃক অনুরোধ জানানো হয় (**সংযুক্তি-১**)। তদপ্রেক্ষিতে জেলা পরিষদের হিসাব রক্ষকগণের বেতন স্কেল সংশোধনপূর্বক ৫,৫০০-১২,০৯৫/- টাকার (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১১,০০০-২৬৫৯০/-) পরিবর্তে ৬৪০০-১৪,২৫৫/- টাকা বেতন স্কেলে (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ১২,৫০০- ৩০,২৩০/-) নির্ধারণের বিষয়ে মতামত প্রদানের জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হয় (**সংযুক্তি-২**)। জেলা পরিষদের হিসাব রক্ষণকগণের বর্তমান বেতন ১১,০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) সংশোধন করত: ১২,৫০০-৩০,২৩০/-(১১তম গ্রেড) টাকায় পুন:নির্ধারনের প্রস্তাবটিতে অর্থ বিভাগ হতে অসম্মতি জ্ঞাপন করা হয় (**সংযুক্তি-৩**)।

সংযুক্তি:.................. পাতা।

( মোহাম্মদ তানভীর আজিম ছিদ্দিকী )
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ..................(সকল)।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, .................. বিভাগ (সকল), ।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর

| | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব | ১) প্রশাসন |
| ২) মহাপরিচালক | ২) নগর উন্নয়ন |
| ৩) যুগ্মসচিব | ৩) উন্নয়ন |
| ৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ৪) পানি সরবরাহ (পাস) |
| | ৫) উপজেলা অধিশাখা |
| | ৬) ইউপি অধিশাখা |
| | ৭) অডিট অধিশাখা |
| | ৮) আইন অধিশাখা |
| ডাইরি নম্বরঃ ...... | স্বাক্ষর |
| তারিখঃ ২৪/১২/২০২০ | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়
বাস্তবায়ন অনুবিভাগ
বাস্তবায়ন-২ অধিশাখা
(www.mof.gov.bd)

স্মারক নং- ০৭.০০.০০০০.১৬২.৪৬.০৫০.১২-১৮৯

তারিখঃ ০৭ পৌষ ১৪২৭ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ জেলা পরিষদে কর্মরত হিসাব রক্ষকগণের বেতনস্কেল সংশোধনের আবেদন সংক্রান্ত।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪২.০৩২.০২.০০.১৪৯.২০১৩-১৮৬২, তাং ৩০-১১-২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকরি বিধিমালা-১৯৯০ এর তফসিল অংশে ৬নং ক্রমিকে হিসাবরক্ষক পদের সরাসরি নিয়োগ যোগ্যতা হল কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি । উক্ত শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী ১৩তম গ্রেডে বেতন নির্ধারণ সঠিক আছে। অপরদিকে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর হিসাবরক্ষক পদের বেতনগ্রেড সরাসরি নিয়োগ যোগ্যতা অনুযায়ী অর্থাৎ বাণিজ্য বিভাগে ২য় শ্রেনির স্নাতক ডিগ্রিসহ হিসাবরক্ষন সংক্রান্ত কাজে ০৩ বছরের অভিজ্ঞতার ভিত্তিতে ১৩তম গ্রেড থেকে ১১তম গ্রেডে নির্ধারণ সঠিক ও যৌক্তিক। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর হিসাবরক্ষক পদে সরাসরি নিয়োগ যোগ্যতা এবং জেলা পরিষদে কর্মরত হিসাবরক্ষকদের নিয়োগ যোগ্যতা এক নয়।

বর্ণিতাবস্থায়, জেলা পরিষদের হিসাবরক্ষক পদে সরাসরি নিয়োগের যোগ্যতা অনুযায়ী ১৩তম গ্রেডে বেতন নির্ধারণ সঠিক আছে বিধায় উক্ত পদের বেতন স্কেল জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ১৩ থেকে ১১তম গ্রেডে উন্নীতকরণে নির্দেশক্রমে অর্থ বিভাগের অসম্মতি জ্ঞাপন করা হলো।

ডায়েরী নং- ১১৯
তারিখঃ ২৮/১২/২০২০
উপসচিব
জেলা পরিষদ অধিশাখা

22/12/2020
(আছমা আরা বেগম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৮৪

সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২২৫ ২৮/১২/২০

২৪/১২/২০
২২৫৪

# জেলা পরিষদ হিসাবরক্ষক কল্যাণ পরিষদ

কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা।

বরাবর,
সিনিয়র সচিব,
স্থানীয় সরকার বিভাগ,
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

| স্থানীয় সরকার বিভাগ<br>সিনিয়র সচিবের দপ্তর | |
|---|---|
| ১) অতিরিক্ত সচিব<br>২) মহাপরিচালক<br>৩) যুগ্মসচিব<br>৪) যুগ্মসচিব (পরিকল্পনা) | ১) প্রশাসন<br>২) নগর উন্নয়ন<br>৩) উন্নয়ন<br>৪) পানি সরবরাহ (পাস)<br>৫) উপজেলা অধিশাখা<br>৬) ইউপি অধিশাখা<br>৭) অডিট অধিশাখা<br>৮) আইন অধিশাখা |
| ডাইরি নম্বরঃ......................<br>তারিখঃ...................... | স্বাক্ষর |

বিষয়ঃ জেলা পরিষদে কর্মরত হিসাবরক্ষকগণের বেতন স্কেল সংশোধন প্রসঙ্গে।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা জেলা পরিষদে কর্মরত হিসাবরক্ষকগণ জাতীয় বেতন স্কেলের ১৩-তম গ্রেডে বেতন গ্রহণ করছি। কিন্তু স্থানীয় সরকার বিভগের অধিনস্থ অন্যান্য দপ্তরের হিসাবরক্ষকগণ ১১-তম গ্রেডে অর্থাৎ ১২,৫০০-৩০,২৩০/- টাকা বেতন স্কেলে বেতন গ্রহণ করছেন (পরিশিষ্ট 'ক' তে অন্যান্য দপ্তরের হিসাবরক্ষকগণের ০৮টি নিয়োগ বিজ্ঞপ্তির কপি সংযুক্ত)। প্রকৃত পক্ষে জেলা পরিষদের হিসাবরক্ষকগণ অন্যান্য দপ্তরের সহকারী হিসাবরক্ষকগণের সমবেতন স্কেলে বেতন গ্রহণ করছে (পরিশিষ্ট 'খ' তে অন্যান্য দপ্তরের সহকারী হিসাবরক্ষকগণের ০৪ টি নিয়োগ বিজ্ঞপ্তির কপি সংযুক্ত)।

জেলা পরিষদ চাকুরী বিধি ১৯৯০-এ জেলা পরিষদের কর্মকর্তা কর্মচারীদের পদের বিপরীতে বেতন স্কেল উল্লেখ না থাকায় সমযোগ্যতা সম্পন্ন অন্যান্য দপ্তরের হিসাবরক্ষকগণের চেয়ে ২ গ্রেড নিচের বেতন স্কেলে বেতন প্রদান করা হচ্ছে। এতে জেলা পরিষদের হিসাবরক্ষকগণ আর্থিক ভাবে মারাত্মক ক্ষতিগ্রস্থ হচ্ছে।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, শাখা-৩ এর স্মারক নং অম-অবি (বা) -৩ (এসজি)- ১/৮৯/৩৯ তারিখ ০৭-০৪-১৯৯৩ ইং মোতাবেক হিসাবরক্ষকগণের বেতন স্কেল ১৯৭৭ ইং অনুসারে ৪৭০-১,১৩৫/- টাকা নির্ধারিত ছিল যা বর্তমানে ১১-তম গ্রেডে অর্থাৎ ১২,৫০০-৩০,২৩০/- টাকায় নির্ধারিত হয়েছে (পরিশিষ্ট 'গ' তে কপি সংযুক্ত)। নিম্নোক্ত ছকে বেতন স্কেলের ধারাবাহিকতা উপস্থাপন করা হলো (পরিশিষ্ট 'ঘ' তে কপি সংযুক্ত)।

| বছর | ১৯৭৭ | ১৯৮৫ | ১৯৯১ | ১৯৯৭ | ২০০৫ | ২০০৯ | ২০১৫ |
|---|---|---|---|---|---|---|---|
| বেতন ক্রম | ৪৭০-১,১৩৫ | ১,০০০-২,২৮০ | ১,৭২৫-৩,৭২৫ | ২,৫৫০-৫,৫০৫ | ৪১০০-৮,৮২০ | ৬৪০০-১৪,২৫৫ | ১২,৫০০-৩০,২৩০/- |

জেলা পরিষদের হিসাবরক্ষকগণের বেতন স্কেল সংশোধনের নিমিত্তে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের বরাবরে বিগত ১২-০৪-২০১১ ইং তারিখে আবেদনের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ হতে এ বিষয়ে মতামত চেয়ে ২৬-১২-২০১৩ ইং তারিখে ৪৬.০৪২.৩২.০২.০০.১৪৯.২০১৩-১১১ স্মারকে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয় (পরিশিষ্ট 'ঙ' তে কপি সংযুক্ত)। অর্থ মন্ত্রণালয় হতে এ বিষয়ে মতামত না পাওয়ায় ২১-০৮-২০১৬ ইং তারিখে আমরা স্থানীয় সরকার সচিব মহোদয় বরাবরে পুনরায় আবেদন করি। তৎপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ হতে ২৫-১০-২০১৬ ইং তারিখে ৪৬.০৪২.০৩২.০২.০০.১৪৯.২০১৩.২৫১৮ স্মারকে অর্থ মন্ত্রণালয় বরাবরে মতামত চেয়ে পত্র প্রেরণ করা হয় (পরিশিষ্ট 'চ' তে কপি সংযুক্ত)। কিন্তু আজ পর্যন্ত এ বিষয়ে কোন সিদ্ধান্ত পাওয়া যায় নি।

অর্থ মন্ত্রণালয়ের গত ০২-০৬-২০১৩ ইং তারিখের স্বারক নং- ০৭.০০.০০০০০০.১৬২.৪৬.০০৮.১২-১১৮ মোতাবেক স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এল.জি.ই.ডি) এর হিসাব রক্ষকগণের বেতন স্কেল ১৩ নং গ্রেড ৫৫০০-১২০৯৫ (২০০৯ অনুযায়ী) টাকা হতে ১১তম গ্রেড ৬৪০০-১৪২৫৫ টাকায় পুনঃ নির্ধারন করা হয়েছে (পরিশিষ্ট 'ছ' তে কপি সংযুক্ত)। আমরা উভয় প্রতিষ্ঠান-ই স্থানীয় সরকার বিভাগের অধীনস্থ। এছাড়া জেলা পরিষদ আইন ২০০০ এর ধারা ৪১ (খ) এ চাকুরী বিধি তে সরকার পরিষেদের কর্মকর্তা ও কর্মচারীদের বেতন নির্ধারন করিতে পারিবে মর্মে ক্ষমতা প্রাপ্ত হয়েছে (পরিশিষ্ট 'জ' তে কপি সংযুক্ত)। কাজেই স্থানীয় সরকার বিভাগের অধিনস্থ সকল প্রতিষ্ঠানের হিসাব রক্ষকগণের বেতন স্কেল সমান হওয়া আবশ্যক।

এতএব মহোদয়ের নিকট আকুল আবেদন জেলা পরিষদে কর্মরত হিসাব রক্ষকগণের নায্য দাবী কে মানবিক ভাবে সদয় বিবেচনা করত: বর্তমান বেতন স্কেল ১১,০০০-২৬,৫৯০/- (১৩তম গ্রেড) সংশোধন করত: ১২,৫০০-৩০,২৩০/- (১১তম গ্রেড) টাকায় পুন:নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ জানানো হলো।

ডাইরী নং- ১৩৫
তারিখ- ১৭/১১/২০২০

বিনীত নিবেদক